Bankura University

BA 5th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: মধ্যযুগের বাংলা সাহিত্য

Course ID: 50116 Course Code: AHBNG-503-DSE-1

সময়ঃ ২ ঘণ্টা পূর্ণমানঃ ৪০

(যে-কোনো একটি নির্বাচন করতে হবে।)

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ২ x ৫ = ১০

ক) ‘শ্রীচৈতন্যচরিতামৃত’ গ্রন্থের আদিলীলার পরিচ্ছেদ সংখ্যা ও শ্লোক সংখ্যা উল্লেখ করো।

খ) ‘শ্রীচৈতন্যচরিতামৃত’ গ্রন্থ অনুসরণে শ্রীকৃষ্ণচৈতন্যের স্বরূপ পরিস্ফুট করো।

গ) “ঘরের বাহিরে দণ্ডে শতবার” – কার রচিত কোন পর্যায়ের পদ ?

ঘ) বৈষ্ণবপদাবলিতে প্রার্থনা বলতে কী বোঝ ?

ঙ) কেতকাদাস ক্ষেমানন্দ রচিত ‘মনসামঙ্গল’ গ্রন্থটির প্রথম মুদ্রণ কাল উল্লেখ করো। ‘কেতকাদাস’ শব্দটির অর্থ কী ?

চ) কেতকাদাস ক্ষেমানন্দ রচিত ‘মনসামঙ্গল’ কাব্যে বেহুলা ও লখিন্দরের পূর্ব পরিচয় বিবৃত করো।

ছ) মুকুন্দের ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে চণ্ডী কালকেতুকে কোন কোন বর প্রদান করেছিল ?

জ) “সাসুড়ি ননদি নাগ্রি নাগ্রি তোর সতা” –বক্তা কে ? ‘সতা’ শব্দের অর্থ কী ?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ৫ x ২ = ১০

ক) ‘শ্রীচৈতন্যচরিতামৃত’ গ্রন্থের আদিলীলা অবলম্বনে অচিন্ত্যভেদাভেদ তত্ত্ব ব্যাখ্যা করো।

খ) “ তাতল সৈকত বারিবিন্দু সম” -- পদটির ভাব-সৌন্দর্য ব্যাখ্যা করো।

গ) কেতকাদাস ক্ষেমানন্দ রচিত ‘মনসামঙ্গল’ কাব্যের চাঁদ-মনসার দ্বন্দ্বের স্বরূপ সংক্ষেপে বিশ্লেষণ করো।

ঘ) মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্য অবলম্বনে কালকেতুর শৈশবের পরিচয় দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ১০ x ২ = ২০

ক) তোমার পাঠ্য পদ অবলম্বনে বৈষ্ণবপদাবলিতে চণ্ডীদাসের কবিকৃতিত্ব আলোচনা করো।

খ) ‘শ্রীচৈতন্যচরিতামৃত’ গ্রন্থের আদিলীলা অবলম্বনে ‘কাম’ ও ‘প্রেম’-এর স্বরূপ ব্যাখ্যা করো।

গ) কেতকাদাস ক্ষেমানন্দ রচিত ‘মনসামঙ্গল’ কাব্যের মনসা চরিত্র আলোচনা করো।

ঘ) মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ‘আখেটিক’ খণ্ড অবলম্বনে কবির সমাজবাস্তবতার পরিচয় দাও।

Bankura University

BA 5th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: রবীন্দ্রসাহিত্য

Course ID: 50116 Course Code: AHBNG-503-DSE-1

সময়ঃ ২ ঘণ্টা পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ২ x ৫ = ১০

ক) ‘সুরদাসের প্রার্থনা’ কবিতার অন্য নাম কী ছিল ? সুরদাস কে ছিলেন ?

খ) “আনিয়াছি ছুরী তীক্ষ্ণ দীপ্ত প্রভাতরশ্মিসম” -- প্রসঙ্গ উল্লেখ করে সংক্ষেপে ব্যাখ্যা করো।

গ) ‘বধূ’ কবিতায় কবি বঙ্গবধূকে সম্বোধন করে কী বলে ছিলেন ?

ঘ) ‘চতুরঙ্গ’ উপন্যাসে মোট ক’টি প্রধান চরিত্র আছে এবং কী কী ?

ঙ) ‘চতুরঙ্গ’ শব্দটির অর্থ কী ? উপন্যাসটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?

চ) ‘ছিন্নপত্রাবলী’ গ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেছিলেন ? এই গ্রন্থে মোট কতগুলি পত্র আছে ?

ছ) ‘ছিন্নপত্রাবলী’ কি জাতীয় গ্রন্থ ? এই গ্রন্থের সঙ্গে কোন নদীর সম্পর্ক আছে ?

জ) ‘ঝুলন’ কবিতাটি কত সালে প্রকাশিত হয় ? কবিতাটি কোথায় বসে লেখা ?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ৫ x ২ = ১০

ক) সুরদাস কার কাছে কি প্রার্থনা করেছিলেন, নিজের ভাষায় লেখো।

খ) ‘ঝুলন’ কবিতায় কবি কিসের সাধনা কিভাবে প্রকাশ করেছেন, নিজের ভাষায় লেখো।

গ) ’চতুরঙ্গ’ উপন্যাসে জ্যাঠামশাই চরিত্রের ভূমিকা বিশ্লেষণ করো।

ঘ) ‘ছিন্নপত্রাবলী’ গ্রন্থে কবির প্রকৃতি চেতনার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ১০ x ২ = ২০

ক) ‘মানসী’ কাব্যের ‘বধূ’ কবিতায় বাংলার গ্রাম্য বালিকা বধূর চরিত্রের পরিচয় দাও।

খ) ‘বৈষ্ণব কবিতা’ কবিতায় রবীন্দ্রনাথ বৈষ্ণবপদাবলির যে ব্যাখ্যা দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

গ) ‘চতুরঙ্গ’ উপন্যাসে শচীশ ও দামিনীর অন্তর্দ্বন্দ্বের পরিচয় দাও।

ঘ) ‘ছিন্নপত্রাবলী’ পত্রসাহিত্য হিসাবে কতখানি সার্থক হয়েছে আলোচনা করো।

Bankura University

BA 5th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: আধুনিক কবিতা

Course ID: 50116 Course Code: AHBNG-503-DSE-1

সময়ঃ ২ ঘন্টা পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ২ x ৫ = ১০

ক) “ এ আমারই সাড়ে তিন হাত ভূমি।” – এর পরের পঙক্তি দুটি লেখো।

খ) “ঘাইমৃগী সারারাত ডাকে।” – ‘ঘাইমৃগী’ শব্দের অর্থ কী ?

গ) “আমাদের ক্লান্ত করে / ক্লান্ত---ক্লান্ত করে; / লাশকাটা ঘরে / সেই ক্লান্তি নাই।”—এখানে ‘ক্লান্ত’ শব্দের বহুল ব্যবহার কিসের প্রতীক ?

ঘ) ‘রাধাচূড়া’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ? কাব্যগ্রন্থটির প্রকাশ কাল উল্লেখ করো।

ঙ) “তোমাকে আমার তোমার বয়সী সব কিছু দিতে বড় সাধ হয়।” –এখনে ‘সাধ’ শব্দটির দ্বারা কি বুঝিয়েছেন ?

চ) ‘নিরীশ্বর পাখীদের উপাসনালয়ে’ কবিতাটি কত সালে প্রকাশিত হয় ? এটি কোন কাব্যগ্রন্থের কবিতা ?

ছ) “রাখালিয়া গীতি হাতে নিয়ে ভার্জিল

সারা বিশ্বেরে শোনালেন সেই গান।” –ভার্জিল কে ছিলেন ?

জ) “আমার পূজা ও নারী হত্যার ভিতরে বেজে ওঠে সাইরেন।” –‘সাইরেন’ শব্দটির অর্থ কী ? এখানে ‘সাইরেন’ কিসের প্রতীক ?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ৫ x ২ = ১০

ক) “কোথাও কয়েক টুকরো মাছের কাঁটার সফলতার পর / তারপর সাদা মাটির কঙ্কালের ভিতর /

নিজের হৃদয়কে নিয়ে মৌমাছির মত নিমগ্ন হয়ে আছে দেখি।” এখনে ‘সফলতা’ ও ‘নিমগ্ন’ শব্দদুটি ব্যবহারের তাৎপর্য বুঝিয়ে দাও।

খ) “তরল আগুন ভরে পাকস্থলী / যে কথাটাই বলাতে চাও বলি।” –নিজের ভাষায় পঙক্তি দুটির তাৎপর্য বুঝিয়ে দাও।

গ) জীবনানন্দ দাশের ‘বিড়াল” কবিতায় সুররিয়ালিজমের প্রভাব বুঝিয়ে দাও।

ঘ) “ধানক্ষেতে চাপ চাপ রক্ত / এইখানে ঝরেছিল মানুষের ঘাম।”—প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ১০ x ২ = ২০

ক) ‘বোধ’ কবিতায় জীবনানন্দের মৃত্যুচেতনার স্বরূপ ব্যাখ্যা করো।

খ) “আরুণি উদ্দালক’ কবিতায় ব্যক্তি-জীবনের অভিজ্ঞতাকে গদ্য ছন্দের বন্ধনে কবি শঙ্খ ঘোষ পৌঁছে দিয়েছেন মানবাত্মার জাগরণ ভূমিতে। -- এই মন্তব্যের আলোকে ‘আরুণি উদ্দালক’ কবিতাটির বক্তব্য পরিস্ফুট করো।

গ) ব্যক্তিকবি আর কবিসত্তা মিলেমিশে একাকার হয়ে গেছে ‘ আমি কী রকম ভাবে বেঁচে আছি’ কবিতায় – এই সত্যধর্মের আলোকে কবিতাটি বিশ্লেষণ করো।

ঘ) অলোকরঞ্জন কবিতায় গল্প বলেন। তাঁর ‘নির্বাসন’ কবিতার আলোকে বিষয়টি আলোচনা করো।